



ইতিকার রমজানে আল্লাহর নিকট আত্মার সংযোগের পথ: শায়খ আহমাদুল্লাহ



শায়খ আহমাদুল্লাহ। ছবি: সংগৃহীত

জনপ্রিয় ইসলামী আলোচক শায়খ আহমাদুল্লাহ বলেছেন, ইতিকার রমজানের ইবাদতকে পূর্ণতা দেয়। নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে তিনি উল্লেখ করেছেন, যে আমলটি রাসুল (সা.) কখনো ছাড়েননি, সেটি অনেকের জীবনে একবারও করা হয়নি।

সোশ্যাল মিডিয়ার প্রভাব নিয়ে তিনি বলেন, আমাদের মনোযোগ আজকাল খুবই বিক্ষিপ্ত। ফেসবুকের রিলসের মতো আমাদের চিন্তাভাবনা ক্রমাগত ছুটে বেড়ায়, তাই কোনো লেখা পড়া বা বিষয় নিয়ে মনোযোগ দেওয়ার সময় খুব কমই থাকে। এমন পরিস্থিতিতে ইতিকার এক অনন্য মাধ্যম হিসেবে নিজেকে খুঁজে পেতে সাহায্য করতে পারে।

ইতিকারের মাধ্যমে আল্লাহর দিকে মনোযোগ কেন্দ্রীভূত করার সুযোগ পাওয়া যায়। এটি দুনিয়ার ব্যস্ততা থেকে মুক্ত করে নিজের গুনাহ, আখিরাতে ও আল্লাহর সঙ্গে সম্পর্ক গভীরভাবে উপলব্ধির সুযোগ দেয়, যা জীবনে খুব কমই আসে।

শায়খ আহমাদুল্লাহ ইবাদতের পূর্ণতার জন্য ইতিকারের গুরুত্ব তুলে ধরে বলেন, সিয়াম যেমন প্রবৃত্তি নিয়ন্ত্রণ শিখায়, ইতিকার তেমনি আত্মাকে আল্লাহর ঘরে আবদ্ধ করে আধ্যাতিক উন্নতির শিখরে নিয়ে যায়। এটি রাসুল (সা.)-এর গুরুত্বপূর্ণ সুন্নাত, যা রমজানের ইবাদতকে সম্পূর্ণতা প্রদান করে।